গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক এর কার্যালয়
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল
ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
www.kgh.gov.bd

স্মারক নং-কুঃজেঃহাঃ/নিয়োগ/২০২৪/১৩৯৫

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ / ১৩ মে ২০২৪

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ প্রশাসন-১ শাখার স্মারক নং-৪৫.১৩৭.০১১.০১.০০.০১৭.২০১৩-৫১৭ তারিখঃ ০৩/০৩/২০২৪ ইং মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক কুর্মিটোলা জেনারেল হাসপাতালের অস্থায়ী রাজস্বখাত ভুক্ত ১১ হতে ২০ গ্রেডভুক্ত (পূর্বতন ৩য়-৪র্থ শ্রেণী) নিম্ন বর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে http://kgh.teletalk.com.bd ওয়েব সাইটে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। Online ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দের নূন্যতম গতি। | মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ী, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, কুড়িগ্রাম, নীলফামারী, সাতক্ষীরা, কুষ্টিয়া, বরিশাল জেলা ব্যতীত অন্যান্য জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে সকল জেলার প্রতিবন্ধী ও এতিম প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২। | ডাটা-এন্ট্রি-অপারেটর টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের নূন্যতম গতি এবং Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৪ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের নূন্যতম গতি। | |
| ৪। | ইনস্ট্রুমেন্ট কেয়ার টেকার টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৫। | রিসিপশনিস্ট টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০২ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।<br>(গ) ই-মেইল, স্ক্যানার, ফ্যাক্স ও টেলিফোন চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৬। | অফিস সহায়ক টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৭৬ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

শর্ত ও নিয়মাবলীঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। সকল আবেদনকারীর বয়স ১৩/০৬/২০২৪ ইং তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ বয়স সীমা হবে-

ক) সকল প্রার্থীর ক্ষেত্রে (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ৩০ বছর।

খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর।

গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর।

ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঙ) নিয়োগের ক্ষেত্রে বয়স সংক্রান্ত সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

13.05.24

৩। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না।

৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগ ও কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ আইন বিধি ও নীতি অনুসরণ করা হবে।

৫। সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, ডাটা-এন্ট্রি-অপারেটর, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, রিসিপশনিষ্ট পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিয়োগ বিধি অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য হবেন।

৬। আবেদনকারীকে তার অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। শিক্ষাগত যোগ্যতার সমমান প্রমানের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/শিক্ষাবোর্ড বা যথাযথ কর্তৃপক্ষের জারীকৃত পরিপত্র/আদেশ এর সত্যায়িত কপি লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর মৌখিক পরীক্ষা গ্রহণের সময় দাখিল করতে হবে।

৭। প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারি অপরাধে দন্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৮। সরকারী/আধা-সরকারী স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) মূল কপি জমা দিতে হবে।

৯। কোন প্রকার তদবির/সুপারিশ/উর্ধ্বতন কর্তৃক যোগাযোগ ইত্যাদি প্রার্থীর অযোগ্যতার পরিচয় বহণ করে, বিধায় উক্ত প্রার্থীর প্রার্থীতা সরাসরি বাতিল বলে গন্য হবে।

১০। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/ক্যান্টনমেন্ট বোর্ড এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

১১। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১২। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষা কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি website:http://kgh.teletalk.com.bd এবং www.kgh.gov.bd এ পাওয়া যাবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://kgh.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করতে হবে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৫। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(ক) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬/০৫/২০২৪ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।

(খ) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৩/০৬/২০২৪ খ্রিঃ বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

১৬। Online-এ আবেদনপত্রে তার স্পষ্ট রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb হতে হবে।

১৭। Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৮। প্রার্থী Online এ পূরণকৃত আবেদন পত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

১৯। SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ

Online এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবি সহ Applicant's Preview দেখা যাবে। Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি ও স্বাক্ষর সঠিক না থাকে, তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy -তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF(Applicant's Copy) প্রার্থী ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে দেয়া User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই) টি পৃথক SMS করে পরীক্ষার ফি বাবদ [ক্রমিক নং ১-৫ পদের জন্য ২০০/-(দুইশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকা সহ (অফেরত যোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা; ক্রমিক নং ৬ পদের জন্য ১০০/-(একশত) টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা সহ (অফেরত যোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা ] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

13.05.24

২০। ফি জমা দেওয়ার পদ্ধতি:

১ম এসএমএস:

KGH<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: KGH ABCDEF

Reply SMS: Applicant's Name, Tk, XXX will be charged as application fee. Your PIN is XXXXXX. To pay fee Type KGH <space>Yes<space> PIN and Send to 16222 নম্বরে।

২য় এসএমএস:

KGH <space>YES<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: KGH YES xxxxxxxxxxxx

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for KGH xxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx)

২১। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://kgh.teletalk.com.bd এবং kgh.gov.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চণীয়।

২২। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষা ও ব্যবহারিক পরীক্ষা সময়ে (প্রযোজ্য ক্ষেত্রে) অবশ্যই প্রদর্শন করবেন।

২৩। শুধুমাত্র প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Pasward পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে:

KGH <space>Help <space>User<space> User ID & Send to 16222.

Example: KGH HELP USER ABCDEF

খ) PIN Number জানা থাকলে

KGH <space>Help <space> PIN<space> PIN No & Send to 16222.

Example: KGH HELP PIN 12345678

২৪। Online আবেদন করতে কোনো সমস্যা হলে https://www.facebook.com/alljobs.teletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে (mail/মেসেজ এর subject এ Organization Name: KGH, Post Name, Applicant's User ID ও Contact number অবশ্যই উল্লেখ করতে হবে।

২৫। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত হবেন এবং প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় নিম্মোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং ০১ (এক) সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়ন/প্রত্যয়নের ক্ষেত্রে কর্মকর্তার নাম ও পদবীযুক্ত সীল ব্যবহার করতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদ ইত্যাদি;

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের/কারিগরি জ্ঞানের/সাঁটলিপি বা শর্টহ্যান্ড জ্ঞানের সমর্থনে সনদ পত্র;

গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার, সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত জাতীয়তা সনদপত্রের কপি;

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক মূল সনদপত্র;

ঙ) মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/কাউন্সিলর/কমিশনার/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র;

চ। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটাভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র;

ছ। শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধিতা সম্পর্কিত সনদপত্র। (যাচাই-বাছাই সাপেক্ষে)

জ। এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/এতিমখানা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (নূন্যতম ২১ দিনের প্রশিক্ষণ যা নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পূর্বে সম্পন্ন) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য মর্মে আনসার ও ভিডিপি'র জেলা কমাডেন্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণক;

ট। ডাউনলোডকৃত Applicant Copy এবং Admit Card.

২৬। নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

13.05.

২৭। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীর মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনী হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এবং উক্ত ওয়েবসাইটে সর্বশেষ সংরক্ষিত/প্রদর্শিত তালিকার যেকোন একটি প্রমাণক দাখিল করবেন। এক্ষেত্রে কোন প্রকার সাময়িক সনদ বা বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সনদ প্রযোজ্য হবে না। মুক্তিযোদ্ধার সন্তান,সন্তানদের সন্তান কোটায় আবেদনকারী-কে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্র দাখিল করতে হবে।

২৮। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর ও হস্তাক্ষর অভিন্ন হতে হবে।

২৯। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য নয়।

৩০। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র অনুযায়ী অপেক্ষমাণ তালিকা প্রস্তুতপূর্বক সংরক্ষণ করা হবে।

৩১। চুড়ান্ত বাছাইকৃত/নিয়োগপ্রাপ্ত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষার কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে বিধি মোতাবেক তার নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৩২। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও QR Code স্ক্যান এর মাধ্যমে, বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

৩৩। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হবে এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য কুর্মিটোলা জেনারেল হাসপাতালের নোটিশ বোর্ডে এবং kgh.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

** প্রার্থীকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে অনলাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

QR Code

13.05.24.

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাইদুর রহমান
পরিচালক
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল,ঢাকা।
ও সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি

স্মারক নং-কুঃজেঃহাঃ/নিয়োগ/২০২৪/১৩৯৫/১(৫০)

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১ / ১৩ মে ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ সচিবের একান্ত সচিব
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা-১২১২।
৫। যুগ্ম সচিব(প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬। পরিচালক(প্রশাসন/অর্থ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা-১২১২।
৭। পরিচালক(হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা-১২১২।
৮। পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ১০৫-১০৬ মতিঝিল,ঢাকা।
৯। উপ-সচিব(প্রশাসন-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
১০। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার এর কার্যালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১১। পুলিশ কমিশিনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ডিএমপি হেডকোয়াটার, রমনা, ঢাকা।
১২। জেলা প্রশাসক, ঢাকা।
১৩। পুলিশ সুপার, ঢাকা।
১৪। নোটিশ বোর্ড অত্র হাসপাতাল/ডিজিএইচএস/পুলিশ সুপার/জেলা প্রশাসক/এএফএমসি।
১৫। অফিস কপি।

13/5/24.

ডাঃ নীহার রঞ্জন নন্দী
উপ-পরিচালক
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল,ঢাকা।
ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি